রেজিস্ট্রার-এর কার্যালয়

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ ফোন ঃ ০২৯৯৭৭৫৩০১১, টেলি-ফ্যাক্সঃ ০২৯৯৭৭৫৩০১৩

সূত্রঃ মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-৯৮/ ৬৬০৮

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪৩০
০৮ ডিসেম্বর ২০২৩

অভিযোগনামা।

যেহেতু, আপনি ড. মোহাম্মদ আজিজুর রহমান, ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগে সহকারী অধ্যাপক পদে কর্মরত অবস্থায় ১১/০৯/২০০৯ তারিখে ০১ বছরের জন্য শিক্ষা ছুটি নিয়ে কানাডা গমন করেন। উক্ত ছুটি শেষে আপনি ১১/০৯/২০১০ তারিখ হতে পিএইচডি গবেষণার জন্য বিচ্ছিন্নভাবে ০৯/০৬/২০১৮ তারিখ পর্যন্ত শিক্ষা ছুটি এবং বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগ করেন। ছুটি শেষে আপনি কর্মস্থলে যোগদান না করে ১০/০৬/২০১৮ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় গত ২১/০৯/২০২১ তারিখে রেজিস্ট্রার অফিসের স্মারক নং MBSTU/Reg./EST-2/P-98/1938 এর মাধ্যমে জরুরী ভিত্তিতে আপনাকে কর্মস্থলে যোগদানের জন্য পত্র দেয়া হলে ০৪ মাস ০২ দিন পর ২২/০১/২০২২ তারিখে কর্মস্থলে যোগদানপত্র দাখিল করেন;

যেহেতু, গত ২৮ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত ২২৬তম রিজেন্ট বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী ১০/০৬/২০১৮ তারিখ হতে ২১/০১/২০২২ তারিখ পর্যন্ত ০৩ বছর ০৭ মাস ১৩ দিন অননুমোদিতভাবে অনুপস্থিতির সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর পূর্বক কর্মস্থলে আপনার যোগদান ২২/০১/২০২২ তারিখ থেকে গ্রহণ করা হয় এবং আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে আপনি যে পরিমান ছুটি ভোগ করেছেন সে পরিমান সময় অবশ্যই আপনাকে বিশ্ববিদ্যালয়ে চাকুরী করতে হবে এবং ঐ পরিমান সময় চাকুরী না করা পর্যন্ত আপনি অন্য কোন ছুটি কিংবা অন্য কোথাও যাওয়ার সুযোগ পাবেননা তবে বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডারে নির্ধারিত ছুটিতে বিধি, বিধান অনুসরণ করে চাইলে বিদেশ যেতে পারবেন কিন্তু কোন ক্রমেই নির্ধারিত ছুটির বাইরে বিদেশে অবস্থান করতে পারবেন না। বিষয়টি ১৪/০৬/২০২২ তারিখে অত্রাফিসের মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-৯৮/১৩০৯ নং অফিস আদেশে আপনাকে জানিয়ে দেয়া হয়;

যেহেতু, আপনি ২৬/০৭/২০২২ তারিখ হতে ০৯/০৮/২০২২ তারিখ পর্যন্ত শ্রান্তি ও বিনোদন ছুটি গ্রহণ করেন। সে হিসেবে আপনার ১০/০৮/২০২২ তারিখে কর্মস্থলে উপস্থিত থাকার কথা। কিন্তু আপনি গত ০৮/০৮/২০২২ তারিখে রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর ১০/০৮/২০২২ তারিখ হতে ০৫/০৯/২০২২ তারিখ পর্যন্ত অর্জিত ছুটির জন্য On line-এ একটি আবেদন প্রেরণ করেন যা বিবেচিত হয়নি। তারপরও আপনি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার অনুপস্থিতির কারণে বিশ্ববিদ্যালয়ের আর্থিক ও শিক্ষা কার্যক্রমে ক্ষতি সাধিত হচ্ছে;

যেহেতু, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে ছুটি ব্যতীত নিয়ম বহির্ভূতভাবে ১০/০৮/২০২২ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গন্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারী কর্মচারী (আপীল ও শৃঙ্খলা) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) এবং (গ) ধারা অনুযায়ী অসদাচরণ ও পলায়নে'র (Desertion) দায়ে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের দায়ে এ বিধিমালার ৪(৫) (গ) এবং (ঘ) ধারা মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত (Dismissal From Service) করা হবে না অত্র পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট যথোপযুক্ত কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো। একই সাথে আপনি ব্যক্তিগতভাবে শুনানির ইচ্ছা পোষন করেন কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো।

অভিযোগ বিবরণীর এক প্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম)
রেজিস্ট্রার
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল।

প্রাপক,

ড. মোহাম্মদ আজিজুর রহমান
সহযোগী অধ্যাপক
ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগ
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২।

স্থায়ী ঠিকানাঃ
পিতা- মৃত মোহাম্মদ সাদেক আলী
পোষ্ট মাস্টার লজ, প্রফেসর পাড়া,
ডাকঘর, উপজেলা ও জেলা- চাঁদপুর।

অভিযোগ বিবরনী

আপনি ড. মোহাম্মদ আজিজুর রহমান, ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগে সহকারী অধ্যাপক পদে কর্মরত অবস্থায় ১১/০৯/২০০৯ তারিখ হতে পিএইচডি গবেষণার জন্য বিচ্ছিন্নভাবে ০৯/০৬/২০১৮ তারিখ পর্যন্ত শিক্ষা ছুটি এবং বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগের পর কর্মস্থলে যোগদান না করে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। ফলে গত ২১/০৯/২০২১ তারিখে রেজিস্ট্রার অফিসের স্মারক নং MBSTU/Reg./EST-2/P-98/1938 এর মাধ্যমে জরুরী ভিত্তিতে আপনাকে কর্মস্থলে যোগদানের জন্য পত্র দেয়া হলে পত্র ইস্যুর ০৪ মাস ০২ দিন পর ২২/০১/২০২২ তারিখে কর্মস্থলে যোগদানপত্র দাখিল করেন। গত ২৮ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত ২২৬তম রিজেন্ট বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী কর্মস্থলে আপনার যোগদান গ্রহণ করা হয় এবং অননুমোদিতভাবে অনুপস্থিতির সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হয় সেই সাথে আপনি যে পরিমান ছুটি ভোগ করেছেন সে পরিমান সময় অবশ্যই আপনাকে বিশ্ববিদ্যালয়ে চাকুরী করতে হবে এবং ঐ পরিমান সময় চাকুরী না করা পর্যন্ত আপনি অন্য কোন ছুটি কিংবা অন্য কোথাও যাওয়ার সুযোগ পাবেননা তবে বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডারে নির্ধারিত ছুটিতে বিধি, বিধান অনুসরণ করে চাইলে বিদেশ যেতে পারবেন কোন কিন্তু ক্রমেই নির্ধারিত ছুটির বাইরে বিদেশে অবস্থান করতে পারবেন না মর্মে সিদ্ধান্ত নেয়া হয় যা গত ১৪/০৬/২০২২ তারিখে মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-৯৮/১৩০৯ নং অফিস আদেশের মাধ্যমে আপনাকে জানিয়ে দেয়া হয়।

আপনি গত ২৬/০৭/২০২২ তারিখ হতে ০৯/০৮/২০২২ তারিখ পর্যন্ত ১৫ দিন শ্রান্তি ও বিনোদন ছুটি গ্রহণ করে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। গত ০৮/০৮/২০২২ তারিখে আপনি On line-এ ১০/০৮/২০২২ তারিখ হতে ০৫/০৯/২০২২ তারিখ পর্যন্ত অর্জিত ছুটির জন্য একটি আবেদন করেন যা বিবেচিত হয়নি। আপনি ছুটি ব্যতীত নিয়ম বহির্ভূতভাবে ১০/০৮/২০২২ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত আছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গন্য। এহেন কার্যকলাপের জন্য আপনি উক্ত বিধিমালা অনুযায়ী অসদাচরণ ও পলায়নে'র (Desertion) দায়ে অভিযুক্ত হয়েছেন।

(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম)
রেজিস্ট্রার
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল

https://d.docs.live.net/3330afd06547266d/Documents/M Work/TEACHERS PERSONAL FILE/P-98 Mohammad Azizur Rahman/...